

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এডিবি-১ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

২১ জুন ২০১৭

আজ ২১ জুন ২০১৭ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-র মধ্যে “SASEC Chittagong - Cox’s Bazar Railway Project - Phase 1”-এর tranche-1 (১ম কিস্তি)-র ৩০০.০০ মিলিয়ন ডলারের [২১০.০০ মিলিয়ন ডলার অর্ডিনারী ক্যাপিটেল রিসোর্সেস (ওসিআর) এবং ৯০.০০ মিলিয়ন ডলার সহজ শর্তের কনসেশনাল ওসিআর লেন্ডিং (সিওএল) ২টি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের পক্ষে জনাব কাজী শফিকুল আযম, ভারপ্রাপ্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং এডিবি’র পক্ষে Mr. Kazuhiko Higuchi, Country Director, বাংলাদেশ আবাসিক মিশন (বিআরএম) উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেছেন। ঋণচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ সরকার ও এডিবি’র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বর্ণিত ঋণের আওতায় দোহাজারী হতে কক্সবাজার পর্যন্ত সিংগেল লাইন ডুয়েলগেজ ট্র্যাক নির্মাণ করা হবে। গত ১৯ এপ্রিল ২০১৬ তারিখে এ সংক্রান্ত প্রকল্পের ১ম সংশোধনী একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়েছে। রেলপথ মন্ত্রণালয় উক্ত প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। বাস্তবায়নের মেয়াদ ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত। উক্ত প্রকল্পে এডিবি তাদের Multi-tranche Financing Facilities (MFF)-এর আওতায় মোট ৪ (চার) কিস্তিতে (tranche) ওসিআর এবং সহজ শর্তের সিওএল হিসাবে সর্বমোট ১৫০০.০০ মিলিয়ন ডলার প্রদান করবে। এ লক্ষ্যে এডিবি’র সঙ্গে একটি Framework Financing Agreement (FFA) স্বাক্ষর করা হয়েছে। উক্ত FFA’র আওতায় ১ম কিস্তিতে (tranche-1) ৩০০.০০ মিলিয়ন ডলার; ২য় কিস্তিতে (tranche-2) ৪০০.০০ মিলিয়ন ডলার; ৩য় কিস্তিতে (tranche-3) ৫০০.০০ মিলিয়ন ডলার; এবং সর্বশেষ ৪র্থ কিস্তিতে (tranche-4) ৩০০.০০ মিলিয়ন ডলার প্রদান করবে। প্রত্যেক কিস্তির জন্য এডিবি’র সঙ্গে আলাদা আলাদা অর্থায়ন চুক্তি স্বাক্ষর করতে হবে।

এ ঋণের উদ্দেশ্য হচ্ছে দোহাজারী হতে রামু হয়ে কক্সবাজার পর্যন্ত ১০২.০০ কিঃমিঃ সিংগেল লাইন ডুয়েলগেজ নতুন ট্র্যাক নির্মাণ করা, যার ফলে পর্যটন শহর কক্সবাজারের সাথে রেলওয়ে সংযোগ স্থাপন; যাত্রী ও মালামাল পরিবহনে রেলওয়ের অংশীদারিত্ব বৃদ্ধি; কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি এবং সেই সাথে চট্টগ্রাম-কক্সবাজার করিডোরের সাথে ট্রান্স এশিয়ান রেলওয়ে করিডোরকে যুক্ত করা। তাছাড়া এ প্রকল্পটি অধিক জেলাকে রেলওয়ে নেটওয়ার্কের আওতায় আনায়েনের সরকারের স্ট্র্যাটেজীর অংশ এবং বাংলাদেশ রেলওয়ের প্রকল্প বাস্তবায়ন দক্ষতা বৃদ্ধির জন্যও এ ঋণের আওতায় কার্যক্রম গ্রহণ করা হবে।

এডিবি প্রদেয় ১ম কিস্তির (tranche-1) মোট ৩০০.০০ মিলিয়ন ডলারের মধ্যে ২১০.০০ মিলিয়ন ডলার ওসিআর ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। সুদের হার LIBOR (London Inter Bank Offered Rate) + ০.৫% ও ম্যাচুরিটি প্রিমিয়াম ০.১%। এছাড়াও অবিতরণকৃত ঋণের উপর কমিটমেন্ট চার্জ ০.১৫%। অবশিষ্ট ৯০.০০ মিলিয়ন ডলার সহজ শর্তের সিওএল ঋণ যা ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য এবং প্রকল্পের মেয়াদে বার্ষিক সুদের হার ২%। প্রকল্পের আওতায় এডিবি’র অর্থায়নে পূর্তকাজ, মালামাল ও সেবাদি সংগ্রহ (Procurement)-এর ক্ষেত্রে এডিবি’র Procurement Guidelines এবং Guidelines on The Use of Consultants অনুসরণ করতে হবে।

১৯৭৩ সালে বাংলাদেশ এডিবি’র সদস্য হওয়ার পর থেকেই প্রতিষ্ঠানটি বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী হিসাবে বাংলাদেশকে সহায়তা প্রদান করে আসছে। এ পর্যন্ত বাংলাদেশকে প্রদত্ত এডিবি’র ঋণ সহায়তার পরিমাণ ১৬.০০ বিলিয়ন মার্কিন ডলারেরও বেশী।

২১.০৬.১৭

সাধিকুননাহার শাহমীন
সহকারী প্রধান
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার